

"সবাই মিলে দেব কর
দেশ হবে শনির্ভর"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, মোহাম্মদপুর বিভাগ
১২ গজনবী রোড, কলেজগেট, মোহাম্মদপুর, ঢাকা।

নথি নং- ০৪/ভ্যাট(১৬)নিবন্ধন/২০১২/পার্ট-

৫৬/৭৭৫

তারিখ: ৭/১২/২০১৪ খ্রিঃ

প্রেরক: বিভাগীয় কর্মকর্তা
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট
মোহাম্মদপুর বিভাগ, ঢাকা।

প্রাপক: ব্যবস্থাপনা কর্তৃপক্ষ/প্রতিষ্ঠান কর্তৃপক্ষ

COAST TRUST
HOUSE-13, ROAD-2, SHYAMOLI, DHAKA.

বিষয়: ভ্যাট রেজিস্ট্রেশন (মুসক-৮) প্রদান প্রসঙ্গে।

আপনার/আপনাদের ০৩/০৭/১৪ তারিখের আবেদনের প্রেক্ষিতে আপনার/আপনাদের প্রতিষ্ঠানের অনুকূলে মুসক নিবন্ধন সনদপত্র নম্বর 170...8/০৭3727... এলাকা কোড 17020 2 ইস্যু করে এসাথে প্রেরণ করা হলো। উল্লেখ্য ১৯৯১ সনের মূল্য সংযোজন কর আইনের ধারা-৩, ৫, ৬, ৩১, ৩২ ও ৩৫ এবং একই সনের মূল্য সংযোজন কর বিধিমালায় বিধি-৩, ১৬, ১৭, ২২, ২৩ ও ২৪ এর বিধানসহ সংশ্লিষ্ট অন্যান্য বিধি বিধান ও তদাধীনে প্রণীত আদেশ অনুযায়ী (স্ব স্ব ক্ষেত্রে প্রযোজ্য) মুসক ব্যবস্থাপনায় পরিপালনীয় বিষয়গুলো পরিপালনপূর্বক বিশেষ করে মুসকযোগ্য কার্যক্রমের বিপরীতে প্রাপ্য/প্রাপ্ত পণ্য/সর্বমোট প্রাপ্তি"র প্রতিটি ক্ষেত্রে মুসক-১১/১১ক তে চালানপত্র ইস্যুকরণ পূর্বক মুসক-১৭তে বিক্রয় হিসাব রক্ষণাবেক্ষণসহ যথাযথভাবে প্রদেয় মুসক পরিশোধ করে প্রতি কর মেয়াদ পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে সংশ্লিষ্ট কর মেয়াদের দাখিলপত্র (মুসক-১৯) সংশ্লিষ্ট স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে জমাদান আইনানুগ বাধ্যবাধকতার আওতাভুক্ত। অন্যথায় ১৯৯১ সনের মূল্য সংযোজন কর আইন ও বিধিমালায় সংশ্লিষ্ট ধারা ও বিধি অনুযায়ী আপনার/আপনাদের প্রতিষ্ঠানের বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০২. জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকার প্রজ্ঞাপন এসআরও নং-২০০-আইন/২০১০/৫৪৯-মুসক, তারিখ ১০/৬/২০১০ খ্রিষ্টাব্দ অনুযায়ী এবং আপনার প্রতিষ্ঠানের দাখিলকৃত অফিস ভাড়ার দলিল মোতাবেক প্রযোজ্য হারে মুসক নিবন্ধন ইস্যুর তারিখ হতে নির্ধারিত খাতে সরকারী কোষাগারে নির্ধারিত কোডে (১-১১৩৩-০০৩৫-০৩১১) জমাদানপূর্বক সংশ্লিষ্ট সার্কেল অফিসে চালানের মূল কপি দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: মূল মুসক-৮ (এক) পাতা।

(আয়েশা তামান্না)
সহকারী কমিশনার

নথি নং- ০৪/ভ্যাট(১৬)নিবন্ধন/২০১২/পার্ট-

তারিখ: / /২০১৪ খ্রিঃ

অনুলিপি অবগতি ও কার্যার্থে:

১। রাজস্ব কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, মোহাম্মদপুর/বাজার/শ্যামলী সার্কেল, ঢাকা। উপর্যুক্ত প্রতিষ্ঠানের নিকট হতে অফিস ভাড়ার উপর আরোপিত মুসকসহ যথাযথ রাজস্ব আদায় ও দাখিলপত্র জমা প্রদান বিষয়টি নিশ্চিত করার জন্য বলা হলো। অন্যথায় প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণার্থে প্রতিষ্ঠানের বিরুদ্ধে অনিয়ম মামলা রুজু করে এ দপ্তরে প্রেরণের জন্য বলা হলো। [সংযুক্ত ১ ০১ (এক) পাতা]।

(আয়েশা তামান্না)
সহকারী কমিশনার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শুল্ক, আবগারী ও মূল্য সংযোজন কর কমিশনারেট, ঢাকা (পশ্চিম)

মূসক-৮

বিভাগ : MOHAMMADPUR DIVISION

মূল্য সংযোজন কর নিবন্ধন পত্র/টার্গওভার কর তালিকাভুক্তি পত্র/কুটির শিল্প তালিকাভুক্তি পত্র
[বিধি ১১ দ্রষ্টব্য/বিধি ৪(২) দ্রষ্টব্য]

নাম :

COAST TRUST.

ঠিকানা :

HOUSE NO-13, ROAD NO-2,
SHYAMOLI, DHAKA.

TIN (যদি থাকে) : 469143370570

ফোন নম্বর : 88028125181

পূর্ববর্তী BIN (যদি থাকে) :

ফ্যাক্স নম্বর :

আপনাকে মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর অধীনে করদাতা হিসাবে
03/09/2014 তারিখ হইতে নিবন্ধিত/টার্গওভার কর/কুটির শিল্প তালিকাভুক্ত করা হইয়াছে।

আপনার ব্যবসার প্রকৃতি : Supplier(Trade) and Importer

ব্যবসার কার্যক্রম :

IMPORT :: IMPORT

কাজেই আপনাকে -

সকল করযোগ্য পণ্য সরবরাহ বা সেবা প্রদানের ক্ষেত্রে মূল্য সংযোজন কর বা, ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর ও
সম্পূরক শুল্ক প্রদান করিতে হইবে;

চলতি হিসাবে সমন্বয় অথবা ট্রেজারী চালানের মাধ্যমে ট্রেজারী বা অনুমোদিত ব্যাংকে অর্থ জমা প্রদানের মাধ্যমে
মূল্য সংযোজন কর/সম্পূরক শুল্ক/টার্গওভার কর পরিশোধ করিতে হইবে; এবং
যে কোন মাস সম্পর্কিত মূল্য সংযোজন কর দাখিলপত্র/টার্গওভার কর দাখিলপত্র আইন ও বিধিমালা অনুযায়ী নির্ধারিত
কর মেয়াদ সমাপ্তির পর বিধি ৪ এর উপ-বিধি (৫) এবং বিধি ২৪ এর উপ-বিধি (১) এ উল্লিখিত সময়ের মধ্যে পেশ
করিতে হইবে আপনার নিবন্ধন/তালিকাভুক্তি সংখ্যা ও এলাকা কোড নিম্নে উল্লেখ করা হইল :

নিবন্ধন/তালিকাভুক্তি সংখ্যা

এলাকা কোড

17081033727

170202

এই সংখ্যাসমূহ আপনার দ্বারা প্রদত্ত সকল চালানপত্রে এবং মূল্য সংযোজন কর কার্যালয়ের সহিত আপনার সকল
যোগাযোগের ক্ষেত্রে উল্লেখ করিতে হইবে। আপনি মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এবং মূল্য সংযোজন কর
বিধিমালা, ১৯৯১ এর সকল বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করিতে বাধ্য থাকিবেন। এতদ্বিষয়ে কোন ব্যাখ্যা
বা তথ্যের প্রয়োজন হইলে আপনি স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ের সহিত অফিস চলাকালে যে কোন সময়ে
যোগাযোগ করিতে পারিবেন। আপনার নিবন্ধন/তালিকাভুক্তির আবেদন পত্রে প্রদত্ত তথ্যে কোন পরিবর্তন হইলে
তাহা বিধি ১২ এর উপ-বিধি (১) এ উল্লিখিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট মূসক অফিসকে যথাযথভাবে জানাইতে হইবে।

তারিখ :

07 SEP 2014

বিভাগীয় কর্মকর্তা/ক্ষমতা প্রাপ্ত কর্মকর্তা

(আয়েশা তামান্না)
সহকারী কমিশনার
কাস্টমস, এক্সাইজ ও ডাউট
মোহাম্মদপুর বিভাগ, ঢাকা।